বিডিপি/মিনিটস/এজিএম/২০২২ ২৭ মার্চ ২০২৩

**১০ মার্চ ২০২৩ তারিখে পরিষদ কমিউনিটি সেন্টারে ১৭০০ ঘটিকায় অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভা (AGM-2022) এর কার্যবিবরণী**

**উপস্থিতিঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | লেঃ জেনারেল মোল্লা ফজলে আকবর, পিএইচডি, এনডিসি, পিএসসি (অবঃ) | - | প্রেসিডেন্ট |
| (খ) | ব্রিগেঃ জেনাঃ মোঃ আহসান হাবিব (অবঃ) | - | সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| (গ) | জনাব বেলাল ইউ আহমেদ | - | ভাইস প্রেসিডেন্ট |
| (ঘ) | কর্নেল হুসেইন মাহমুদ চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি (অবঃ) | - | সেক্রেটারি |
| (ঙ) | কর্নেল আসিফুল হোসেন, পিএসসি (অবঃ) | - | মেম্বার এডমিন |
| (চ) | ব্রিগেঃ জেনাঃ মোঃ মজিবুর রহমান, পিইঞ্জিঃ (অবঃ) | - | ট্রেজারার |
| (ছ) | মেজর শামস আহমদ জিয়া (অবঃ) | - | মেম্বার মেডিকেল |
| (জ) | মিসেস দিলরুবা চৌধুরী | - | সাধারণ সদস্য |
| (ঝ) | জনাব এ্যাডভোকেট আকতার মাহমুদ চৌধুরী | - | সাধারণ সদস্য |
| (ঞ) | মিসেস শায়লা সুলতানা সিদ্দিকী | - | সাধারণ সদস্য |

**কোরআন হতে তেলাওয়াত ও তরজমা**

বনানী ডিওএইচএস জামে মসজিদের খতিব মুফতি মোঃ ফাহিমুর রহমান সভার শুরুতেই কোরআন হতে তেলাওয়াত ও তরজমা করেন এবং পরলোকগত বাসিন্দাদের আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালন ও দোয়া করা হয়।

অনুষ্ঠানের সঞ্চালক জনাব এ্যাডভোকেট আকতার মাহমুদ চৌধুরী সভাপতির নিকট অনুমতি গ্রহন স্বাপেক্ষে সভার মূল কার্যক্রম শুরু করেন।

**এজেন্ডা-১।**

**সেক্রেটারীর প্রতিবেদন**

পরিষদের সেক্রেটারি ডিওএইচএস এর বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের প্রতিবেদন সভায় পড়ে শুনান।

**এজেন্ডা-২**

**২০২১-২০২২ অর্থ বছরের আর্থিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন**

পরিষদের ট্রেজারার ২০২১-২০২২ অর্থ বছরের আর্থিক প্রতিবেদন উপস্থাপন করেন এবং তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।

| প্রস্তাবকারী | সমর্থনকারী |
|---|---|
| ব্রিগেঃ জেনাঃ নুরুল আমিন (অবঃ) | মোঃ আনিসুর রহমান |

Telephone: +88 02 8714697

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|

**এজেন্ডা-৩**

**২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট অনুমোদনের জন্য উপস্থাপন**

পরিষদের ট্রেজারার ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়।

প্রস্তাবকারী — লেঃ কর্নেল হেলাল উদ্দিন আহমেদ (অবঃ)

সমর্থনকারী — লেঃ কর্নেল চৌধুরী মোহাম্মদ আলী (অবঃ)

**এজেন্ডা-৪**

**সাধারণ সদস্য কর্তৃক উত্থাপিত বিষয় সমূহের আলোচনা**

**মিসেস ইয়াসমিন রহমান, বাড়ী নং ৫৫, রোড নং ০২, ভোটার নম্বর - ৩৩৮ (পয়েন্ট-১)**

১। রোড-২ এ একমুখী যানবাহন প্রত্যাহার করায় আগের মতো সমস্যা হচ্ছে বিষয়টি সমাধান করা হোক।

মতামতঃ একমুখী চলাচলের জন্য নির্দেশনা দেয়া আছে, চালকগণ তা অনুসরণ করলে সকলের জন্যই কল্যাণকর। এ বিষয়ে পরিষদের নিরাপত্তা টহল দ্বারা একমুখী চলাচল নিশ্চিত করা হবে।

২। বর্তমানে কমিউনিটি হলের অনুষ্ঠানের যানবাহন ০২ নং রোডে পার্কিং করা হচ্ছে যার ফলে রাস্তাটিতে যানজট ও জনকোলাহল বৃদ্ধি পেয়েছে।

মতামতঃ খেলার মাঠে যানবাহন পার্কিং করা হলে মাঠের ক্ষতি হয় বিধায় কমিউনিটি সেন্টারের অনুষ্ঠানে আগত গাড়ী ডিওএইচএস এর প্রধান রাস্তার পার্শ্বে পার্কিং দেয়া হয়েছে। পরিষদের সভাপতি শুষ্ক মৌসুমে মাঠের একপার্শ্বে গাড়ী পার্কিং করার জন্য সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। শীতকালিন পিঠা উৎসব ০২ মাস করা হোক।

মতামতঃ বাসিন্দাদের সুবিধার্তে পরিবারবর্গ নিয়ে আনন্দ উপভোগ করার জন্য এবং দেশের ঐতিহ্যের সাথে সামঞ্জস্য রেখে প্রতি বছর ডিওএইচএস এ পিঠা মেলার আয়োজন করা হয়ে থাকে। এ বছর ও ২৪ দিনব্যাপি পিঠা মেলা অনুষ্ঠিত হয়েছে। এই উৎসব দীর্ঘায়িত করা হলে বাহিরের জনসমাগম বৃদ্ধি পেতে থাকে বিধায় নিরাপত্তা, যানবাহন নিয়ন্ত্রন, ও কোলাহল রোধ করা দুরুহ হয়ে পড়ে।

৪। কমিউনিটি হলের অনুষ্ঠানের ব্যবহৃত পানির বোতল ও অন্যান্য ময়লা সাথে সাথে পরিস্কার করা হোক।

মতামতঃ পরিষদের ০২ জন ক্লিনার দ্বারা কমিউনিটি হলের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়।

৫। কমিউনিটি হলের অনুষ্ঠানের উচ্চস্বরে গান-বাজনার সময়সীমা নির্ধারণ করা হোক। উচ্চস্বরে গান-বাজনা হলের আশে-পাশের বাসিন্দাদের জন্য কষ্টকর।

মতামতঃ রাত ১০:৩০ ঘটিকা পর্যন্ত গান-বাজনা পরিবেশনের সময়সীমা নির্ধারণ করা আছে। বাসিন্দাদের সমস্যার কথা বিবেচনা করে পরিষদ উন্নতমানের সাউন্ড সিষ্টেম ক্রয় করেছে। পরিষদ নিজস্ব ব্যবস্থাপনায় সাউন্ড এর ভলিউম নিয়ন্ত্রন ও পরিচালনা এবং বাহিরের সাউন্ড আনা সম্পূর্ণভাবে বন্ধ করা হয়েছে।

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|

৬। নতুন জরুরি চিকিৎসা সেবা কেন্দ্রের পার্কিং এর ব্যবস্থা নাই বিষয়টি দেখা হোক।

মতামতঃ বর্তমান জরুরি চিকিৎসা সেবা কেন্দ্রটি অস্থায়ীভাবে পরিচালিত হচ্ছে। জরুরী চিকিৎসা সেবা কেন্দ্রটির পদ্ধতির সাময়িক অসুবিধার জন্য আমরা আমাদের পরিষেবা গ্রহণকারীদের কাছ থেকে ধৈর্য্য ধারনের জন্য অনুরোধ করছি। পার্কিং স্থানটি কমপ্লেক্সের ভাড়াটিয়াদের দ্বারা ব্যবহৃত হয়। নতুন মসজিদের পার্শ্বে নতুন জরুরি চিকিৎসা সেবা কেন্দ্র নির্মাণ চলমান রয়েছে।

৭। ডিওএইচএস বনানীতে প্রবেশের এলাকা পরিষদের এখতিয়ারের মধ্যে পড়ে না, ক্যান্ট বা সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে আশেপাশের এলাকা আপগ্রেড করার জন্য অনুরোধ করা হোক।

মতামতঃ কাকলী সংলগ্ন ১ নং প্রবেশপথ সংলগ্ন বনানী ডিওএইচএস জামে মসজিদ ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে এর নির্মাণকাজ চলমান থাকায় বাসিন্দাদের চলাচলে অসুবিধা হচ্ছে। বর্তমানে রাস্তাটি একমুখি চলাচলের জন্য খুলে দেয়া হয়েছে। ডিওএইচএস এর প্রবেশের এলাকা আপগ্রেড করা হবে।

৮। ডিওএইচএস বনানীতে মাঝরাতে বহিরাগতদের গাড়ী পার্কিং করে রাখা হয় যা রোধ করা হোক।

মতামতঃ বাসিন্দাদের অতিরিক্ত গাড়ী ও অফিসের ব্যবহৃত যানবাহনের জন্য নির্দিষ্ট পার্কিং এর ব্যবস্থা করা হয়েছে। বহিরাগতদের যানবাহন পার্কিং অনেকাংশে রোধ করা সম্ভব হয়েছে এবং নিরাপত্তা টহলের মাধ্যমে বহিরাগতদের গাড়ী পার্কিং বন্ধ করা হচ্ছে।

**মিসেস ফাহমিদা তারেক, হাউজ#৬৬/এ, রোড#০৫ ভোটার নম্বর-৩৮৫ (পয়েন্ট-২)**

১। বিগত কয়েক মাস যাবৎ আমার এবং আশে পাশের কয়েকটি বাসায় পানি সংকট দেখা দিয়েছিল তবে বর্তমানে সেই সমস্যা কমেছে বলে মনে হচ্ছে, কিন্তু ভবিষ্যতে আবারও এই সংকট যাতে দেখা না দেয় তার জন্য ব্যবস্থা গ্রহন করতে কর্তৃপক্ষকে আবেদন করা হোক।

মতামতঃ ডিওএইচএস এ দুটি পানির পাম্প রয়েছে। বিদ্যুৎ চলে গেলে পাম্পের সার্কিট ব্রেকার পড়ে যায় বিধায় পানির সংকট দেখা দেয়। উল্লেখ্য ডেসকোর প্রতিনিধি সার্বক্ষণিক না থাকার কারনে তড়িৎ পদক্ষেপ নেয়া সম্ভব হয় না। পাম্পে প্রতিনিধি সার্বক্ষনিক উপস্থিত থাকলে পানির সংকট রোধ হবে। এ বিষয়ে ডেসকো'কে পত্র দেয়া হয়েছে।

২। ড্রেনের ময়লা-আবর্জনা উত্তোলনের সাথে সাথে অপসারণ করা হোক।

সিদ্ধান্তঃ ড্রেনের ময়লা কাদাযুক্ত থাকায় শুকিয়ে অপসারণ করা হয়। পরবর্তীতে ড্রেনের ময়লা-আবর্জনা উত্তোলনের সাথে সাথে সরানোর ব্যবস্থা করা হবে।

৩। মশা নিধন করার উদ্দেশ্যে আরো জোরালো পদক্ষেপ নেয়া উচিত ড্রেনগুলোতে মশা নির্বাপক তৈল ব্যবহৃত হলে ভালো হয়, তাহলে মশা বংশ বিস্তারে বিঘ্নিত হবে।

মতামতঃ মশার বিস্তার রোধকল্পে মশক নিধন স্প্রে চলমান আছে।



**Telephone:** +88 02 8714697

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|

৪। রাস্তার দুই পাশে যত্রতত্র গাড়ী পার্ক করার দরুন বাসায় গাড়ী প্রবেশে সমস্যা হয় সমাধান করা হোক।

মতামতঃ বাসিন্দাদের অতিরিক্ত গাড়ী ও অফিসের ব্যবহৃত যানবাহনের জন্য নির্দিষ্ট পার্কিং এর ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য যে, দীর্ঘদিন যাবৎ বনানী ডিওএইচএস এ বহু সংখ্যক যানবাহন (বহিরাগতদের) অবৈধ ও অনৈতিকভাবে পার্কিং করা হতো, যাহা অনেকাংশে রোধ করা সম্ভব হয়েছে।

**মিসেস মেহজাবীন মাসুদ, বাড়ী# ৯০, রোড# ৬/সি, ভোটার নং-৫৩০ (পয়েন্ট-৩)**

১। Use of mobile phone in our DOHS Banani area is a very troublesome affair, very low connectivity and/ or no connectivity at all even in the 4th floor of a building, etc. It would be appreciated if some measures are taken to solve the problem.

সিদ্ধান্তঃ The signal quality of telecom network has recently deteriorated throughout the community and DOHS is no exception. However we are trying to pursue with relevant communication providers to arrange for better signal quality in DOHS Banani.

২। Water bodies/Ditches besides DOHS Banani on way to Golf club is a big mosquito menace and a breeding ground/area. Is it possible for Porishod to resolve the problem.

সিদ্ধান্তঃ লেক এলাকাটি দূর্গন্ধমুক্ত এবং স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার জন্য বনানী ডিওএইচএস এর বাসিন্দাদের পক্ষ থেকে লেকটির পলিমাটি অপসারণ ও পানি স্থায়ীভাবে নিষ্কাশনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিট সমূহকে অবগতি পূর্বক মাননীয় সেনাবাহিনী প্রধানের নিকট পরিষদের সভাপতি সম্প্রতি একটি ডিও পত্র প্রেরণ করেছেন। আশা করা হচ্ছে লেকের এই সমস্যাটি শিগ্রহ সমাধান হবে।

৩। Newly recruited guards need orientation/training e.g. especially on courteous behavior.

সিদ্ধান্তঃ নতুন গার্ডদের ০২ সপ্তাহের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া সাপ্তাহিক রোলকল এবং দৈনন্দিন ডিউটি প্যারেডে মোটিভেশন দেয়া হয়।

৪। Badhon, the Magazine (present issue) has not yet come out?

সিদ্ধান্তঃ অনিবার্য কারণবশতঃ "বাঁধন" এর ১১তম সংখ্যা যথাসময়ে প্রকাশ করা সম্ভব হয়নি। এটি আগামী বাংলা নববর্ষ উদযাপন অনুষ্ঠানের পূর্বেই প্রকাশের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।



Telephone: +88 02 8714697

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
| --- | --- | --- |

**জনাব মাহমুদজামান, বাড়ী# ৩১/এ, রোড# ০১, ভোটার নং- ২৯১ (পয়েন্ট-৪)**

জনাব, আসসালামু আলাইকুম। পরিষদের অনেক ভালো কাজের মধ্যে একটি অনুরোধ হলো ছোট ছোট শিশুদের (১-৪ বছর) এবং (৪-১০ বছর) জন্য উন্নত মানের স্বাস্থ্যকর এবং পরিষ্কার পরিচ্ছন্ন খেলার ব্যবস্থা যাহা একটি মডেল হতে পারে আসে পাশের আবাসিক এলাকার জন্য। বর্তমানে যে ব্যবস্থা আছে তা অত্যন্ত ঝুঁকিপূর্ণ, ময়লা এবং অস্বাস্থ্যকর। কুকুর বিড়াল এই সব জায়গায় অবলিলায় প্রবেশ করে এবং খেলার সরঞ্জামাদি খুবই ঝুঁকিপূণ। ব্যাপারটি পরবর্তী প্রজন্মের জন্য উন্নয়নের প্রয়োজন।

মতামতঃ বনানী ডিওএইচএস একটি মাত্র খেলার মাঠ রয়েছে। সকল বয়সী ব্যক্তিরা মাঠটি ব্যবহার করে থাকেন। সকাল ০৭:০০-০৮:৩০ পর্যন্ত ফুটবল খেলার জন্য মাঠ ব্যবহার হয়। প্রতিদিন বিকাল ০৩:৩০ হতে সন্ধ্যা ০৬:১৫ পর্যন্ত (০৪-১৫) বয়সীরা মাঠে বিভিন্ন খেলাধুলা করেন। উক্ত সময়ে নিরাপত্তার স্বার্থে মাঠের সমস্ত গেট বন্ধ রাখা হয়। এছাড়া ১৫ বছরের উপরে বয়সীরা রাত ০৭:০০-১০:০০ টা পর্যন্ত মাঠ ব্যবহার করেন। উপরোক্ত সময়ের মধ্যেই মাঠের পরিস্কার-পরিচ্ছন্নতা করা হয় এবং নিরাপত্তা কর্মীর মাধ্যমে মাঠে কুকুর বিড়ালের প্রবেশ রোধ করা হয়ে থাকে।

আপনার মতামত উন্নয়নে আমাদের চিন্তায় থাকবে।

**মিসেস মেহেরুন নেসা, বাড়ী নং ২৯/বি, রোড নং ওয়েষ্টার্ন, ভোটার নম্বর - ২৪৫ (মৌখিক পয়েন্ট-১)**

ডিওএইচএস এর সিকিউরিটি গার্ডদের ন্যূনতম মাসিক বেতন ৮ হাজার ৫০০ হতে ১০ হাজার টাকা করা হোক।

সিদ্ধান্তঃ বনানী ডিওএইচএস এর কমিউনিটি সেন্টার এর আয় ব্যতিত আর কোন বৃহত্তর আয়ের উৎস নেই। সভায় সাধারণ সদস্যদের নিকট হতে মাসিক সার্ভিস চার্জ বৃদ্ধির জন্য প্রস্তাব আসে। প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় যথাক্রমে ২০০, ৩০০ এবং ৪০০ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়। পরবর্তীতে পরিষদের সভাপতি ২০০ টাকা বৃদ্ধির পক্ষে যে সকল সাধারণ সদস্য একমত তাদেরকে হাত উত্তোলনের জন্য বললে সকলে সর্বসম্মতিক্রমে একমত পোষন করেন।

**জনাব আনিসুর রহমান, বাড়ী নং ০৩, রোড নং ০৪, ভোটার নম্বর - ২৩ (মৌখিক পয়েন্ট-২)**

১। ক্যান্টনমেন্ট এ যেতে পুকুর পাড় সংলগ্ন রাস্তাটিতে ফুট ওয়াকওয়ে এর ব্যবস্থা করা হোক।

মতামতঃ রাস্তাটিতে ফুট ওয়াকওয়ে করার ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ'কে অনুরোধ করা হবে।

**জনাব আনিসুর রহমান, বাড়ী নং ০৩, রোড নং ০৪, ভোটার নম্বর - ২৩ (মৌখিক পয়েন্ট-৩)**

১। বার্ষিক সাধারণ সভার উপস্থিতির তালিকা পরবর্তী সাধারণ সভার বই'তে লিপিবদ্ধ করার ব্যবস্থা করা হোক।

মতামতঃ বার্ষিক সাধারণ সভার উপস্থিতির তালিকা পরবর্তী সাধারণ সভার বই'তে প্রকাশ করা হবে।



Telephone: +88 02 8714697

বনানী ডিওএইচএস পরিষদ
BANANI DOHS PORISHOD

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|

**বিবিধঃ**

সভায় সেনাবাহিনীর জ্যেষ্ঠ অবসরপ্রাপ্ত অফিসার এবং অসামরিক গন্যমান্য ব্যক্তিবর্গ উন্নয়নের জন্য কিছু উপদেশ ও মূল্যবান বক্তব্য পেশ করেন। অতিথিগণ বনানী ডিওএইচএস এর বিভিন্ন উন্নয়ন, বসবাসের পরিবেশ ও সার্বিক নিরাপত্তার ভূয়সী প্রশংসা করেন।

**সভাপতির ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষনা**

সভাপতি বলেন বাসিন্দাদের সবার সহযোগিতায় বনানী ডিওএইচএস মনোরম, পরিচ্ছন্ন এবং নিরাপদ বাসযোগ্য পরিবেশ বিরাজ করছে। সকলের সহযোগিতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা সম্ভব হয়েছে এবং কিছু চলমানাধীন আছে। অত্র এলাকা নিরাপদ, শান্তি শৃঙ্খলা স্থিতি রাখতে প্রতিটি ব্যক্তিকেই দায়িত্বশীল হতে হবে। তিনি সেনাসদরসহ ডিওএইচএসএর সাথে সম্পৃক্ত ইউনিট/প্রতিষ্ঠানের অবদানের কথা কৃতজ্ঞার সাথে স্মরণ করেন। শুধু বলতে চাই "দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ"।

বার্ষিক সাধারণ সভা - ২০২২ সফল ও ফলপ্রসু হওয়াও পরিষদের কর্মকর্তা-কর্মাচারীদের'কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন **'আমার হৃদয় আমার আবাস'** পরিশেষে সকলের মঙ্গল ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতির ভাষণ শেষ করেন ও সভার সমাপ্তি ঘোষনা করেন।

হুসেইন মাহমুদ চৌধুরী
কর্নেল (অবঃ)
সেক্রেটারী

মোল্লা ফজলে আকবর
লেঃ জেনারেল (অবঃ)
সভাপতি
বনানী ডিওএইচএস পরিষদ